গোপনীয়

ফোন ঃ ৯৫৫০৩৫৩

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ ঢাকা-১২০৫

স্মারক নং-১১৯-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০১/২০১৯

তারিখঃ ১৭/০৮/১৪২৭ বঙ্গাঃ
০২/১২/২০২০ খ্রিঃ

**"দ প্ত রা দে শ"**

জনাব মোঃ রায়হান বাবু, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা কোনরূপ কারণ দর্শানো ছাড়াই ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। কর্মস্থলে যোগদানের জন্য জনাব মোঃ রায়হান বাবুকে ১২/০৪/২০১৮ ও ১২/০৭/২০১৮ খ্রিঃ তারিখে নির্বাহী প্রকৌশলী, কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা কর্তৃক তাঁর স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হলেও তিনি উক্ত পত্রের কোন জবাব প্রদান করেননি এবং কর্মস্থলে যোগদান করেননি। তিনি অননুমোদিতভাবে দপ্তরে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা অত্র দপ্তরকে অনুরোধের প্রেক্ষিতে উক্ত কর্মকর্তার অননুমোদিত অনুপস্থিতির প্রকৃত কারণ উদঘাটনের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৭-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০১/২০১৯ তারিখঃ ১৪/০২/২০১৯ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে জনাব মোঃ রায়হান বাবু, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা গত ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখ হতে অননুমোদিত অনুপস্থিত থাকার বিষয়টি প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাকে তার বিরুদ্ধে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তাঁর স্থায়ী ঠিকানা ও দাপ্তরিক ঠিকানায় প্রেরণ করা হয়। তাঁর দাপ্তরিক ঠিকানার পত্রটি "Not Known" মন্তব্যসহ অত্র দপ্তরে ফেরত আসে, স্থায়ী ঠিকানায় পত্রটি ফেরত আসেনি।

২। জনাব মোঃ রায়হান বাবু, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা এর চাকুরী স্থায়ীকরন হয়েছে কিনা তা জানানোর জন্য অত্র দপ্তরের স্মারক নং-৯৬-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০১/২০১৯ তারিখঃ ৩০/০৯/২০২০ খ্রিঃ এর মাধ্যমে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'কে অনুরোধ করা হয়। ইহার বরাতে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-পাউবো(কপ)/বি-২/লুজ তারিখ ১৫-১১-২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, বোর্ডের কর্মচারী উন্নয়ন পরিদপ্তরের স্মারক নং-পাউবো(কউ)/আর-৪০(৪র্থ খন্ড) তারিখ ১৯-১১-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) জনাব মোঃ রায়হান বাবু এর চাকুরী স্থায়ীকরনের সংশ্লিষ্ট কাগজপত্রাদি উক্ত দপ্তরে পাওয়া যায় নি বিধায় তাঁর চাকুরী স্থায়ীকরন করা হয়নি।

৩। তদন্ত প্রতিবেদনের মতামত ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা পূর্বক জনাব মোঃ রায়হান বাবু, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা গত ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কোন প্রকার অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উক্ত পদে তার চাকরি স্থায়ীকরণ না হওয়ায় তার নিয়োগপত্রের শর্তাবলী নং-ঝ মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখ হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে তাকে চাকরিচ্যুত করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। এমতাবস্থায় কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক, জনাব মোঃ রায়হান বাবু, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ), কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা গত ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কোন প্রকার অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উক্ত পদে তার চাকরি স্থায়ীকরণ না হওয়ায় তার নিয়োগপত্রের শর্তাবলী নং-ঝ মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০৪-২০১৮ খ্রিঃ তারিখ হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে তাকে চাকরিচ্যুত করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

০২/১২/২০২০
(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩০১২০০০১
dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-১১৯(১৬)-পাউবো/শৃং/শা-৩/অভি(ক)-০১/২০১৯ তারিখঃ ১৭/০৮/১৪২৭বঙ্গাঃ
০২/১২/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১. প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২. প্রধান প্রকৌশলী, যান্ত্রিক, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৩. তত্ত্বাধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৪. তত্ত্বাধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় যান্ত্রিক সার্কেল, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৫. পরিচালক কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৬. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তারাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৮. নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী, কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
১০. উপ পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১১. উপ পরিচালক, যাস আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
১২. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন /পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১৩. জনাব মোঃ রায়হান বাবু, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/বিদ্যুৎ) (চাকুরীচ্যুত), কেন্দ্রীয় মেরামত কারখানা বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা, বাসা/হোল্ডিং নং- ঝামুটপুর, গ্রামঃ ঝামুটপুর, ডাকঘরঃ হাতিয়র-৫৯৩০, উপজেলাঃ কালাই, জেলাঃ জয়পুরহাট।

02/12/2020

(ফজলুল করিম)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৪০৩১১০০১
টেলিফোন-৯৫৬৯৭৭৯

ডায়েরী নং ২৭৫ তারিখঃ ৬/১২/২০
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
দেখতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা